# School Certificate Examination 2017
# Bengali (Old)
# Paper - II

**Time : 3 Hours** **Full Marks : 80**

**Questions are of value as indicated in the margin**

১। **যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ২×১২=২৪

(ক) "নবকুমার সেই ভীষণ সমুদ্র তীরে বনবাসে বিসর্জিত হইলেন" – কোন্ মূল গ্রন্থের অন্তর্গত এটি? নবকুমার কে? নবকুমার কীভাবে বনবাসে বিসর্জিত হলেন বর্ণনা দাও। চরিত্রটিকে তোমার কেমন লাগে বিশ্লেষণ করে বোঝাও। ১+১+৫+৫=১২

(খ) "আশ্রমের শিক্ষা" প্রবন্ধটির রচনাকাল কত? লেখক কে? উক্ত প্রবন্ধে শিক্ষকদের কোন্ কোন্ বৈশিষ্ট্য থাকা বাঞ্ছনীয় বলে লেখক মনে করেছেন – সেগুলি আলোচনা করো। ১+১+১০=১২

(গ) "তার কসুর তুমি যেন কখনো মাপ করো না" – কে কার উদ্দেশে কোন্ প্রসঙ্গে এরূপ উক্তি করেছেন? 'কসুর' শব্দটির অর্থ কী? কার 'কসুরে'র কথা এখানে বলা হয়েছে? বক্তার এরূপ উক্তির কারণ কী বুঝিয়ে দাও। (১+১+৩)+১+১+৫=১২

(ঘ) 'হুজুর, আমিই অপরাধী, আমিই তস্কর!' – উক্তিটি কে, কার প্রতি, কখন করেছেন? 'তস্কর' শব্দের অর্থ কী? বক্তা যথার্থই তস্কর কি না এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১+১+৩+১+৬=১২

২। **প্রসঙ্গ নির্দেশ সহ ব্যাখ্যা করো:** ১×৬=৬

(ক) 'ছেলেরা বিশ্বপ্রকৃতির অত্যন্ত কাছের।'

(খ) "যদি শাস্ত্র বুঝিয়া থাকি, তবে তীর্থ দর্শনে যেরূপ পরকালের কর্ম হয়, বাটি বসিয়াও সেরূপ হইতে পারে।"

(গ) "এই ক্ষণভঙ্গুর দুঃখময় সংসারে কাহার ভাগ্যে কখন কি ঘটে, তাহা কে বলিতে পারে।"

(ঘ) 'কিন্তু তুই ত জানিস তোকে আমি কত ভালোবাসি।'

৩। **যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** ২×১২=২৪

(ক) "মনের সঙ্গে একরকমে
করে নে, ভাই, বোঝাপড়া" – কোন্ কবিতার অংশ? মূল কাব্য গ্রন্থের নাম কী? মনের সঙ্গে একরকমের বোঝাপড়া করে নিতে কেন বলা হয়েছে বুঝিয়ে লেখো। ১+১+১০=১২

(খ) "এতকাল নদীকূলে
যাহা লয়ে ছিনু ভুলে
সকলই দিলাম তুলে
থরে বিথরে" – কবিতাটির রচনাকাল ও রচনাস্থানের নাম উল্লেখ করো। কে এতকাল নদীকূলে ছিল? উদ্ধৃতিটির অন্তর্নিহিত অর্থ ব্যাখ্যা করো। (১+১)+১+৯=১২

(গ) 'ছেলেটা' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? ছেলেটার সঙ্গে কবি আগাছার তুলনা করেছেন কেন, বুঝিয়ে লেখো। ছেলেটির স্বভাববৈশিষ্ট্যের পরিচয় দাও। ১+৩+৮=১২

(ঘ) 'ওরা কাজ করে' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? 'এরা' বলতে কবি কাদের কথা বুঝিয়েছেন? এদের সম্বন্ধে কবির মনোভাবটি আলোচনা করো। ১+১+১০=১২

৪। 'সবুজের অভিযান' কবিতার শেষ স্তবক **অথবা** 'বোঝাপড়া' কবিতার প্রথম এগারো চরণ মুখস্থ লেখো। ৬

৫। **যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** ২×১০=২০

(ক) "পিতা, এসো এ মন্দির ছেড়ে যাই মোরা" – কে কাকে কখন এই কথাগুলি বলেছে? এরূপ উক্তির অন্তর্নিহিত তাৎপর্যটি লেখো। (১+১+৩)+৫=১০

(খ) 'রাজরক্ত চাহে
দেবী, তাই তারে এনে দিব! যাহা চাহে
সব দিব। সব ঋণ শোধ করে দিয়ে যাব।' – বক্তা কে? কোন্ প্রসঙ্গে কাকে উদ্দেশ ক'রে বক্তা উক্তিটি করেছেন? বক্তার এহেন বক্তব্যের কারণ ব্যাখ্যা করো। ১+৩+১+৫=১০

(গ) "দু:খ দিবে সবার মতন, অশ্রুজল
ফেলিবারে অবসর দিবে না কি শুধু" – উক্তিটি কে কার উদ্দেশে করেছে? কোন্ পরিস্থিতিতে এরূপ উক্তি? উক্তিটির তাৎপর্য নিজের ভাষায় লেখো। ১+১+৩+৫=১০

(ঘ) "অপরাধ?
অপরাধ করিয়াছি বটে। দেবীপূজা করিতে পারিনি শেষ –" – উক্তিটি তোমাদের পাঠ্য নাটকের কোন্ অঙ্কের কততম দৃশ্যের অন্তর্গত? কে কার উদ্দেশে উক্তিটি করেছে? বক্তা যেটিকে অপরাধ বলে মনে করেছে, তুমি কি সেটিকে অপরাধ বলে মনে করো – পক্ষে বা বিপক্ষে যুক্তি সাজাও। (১+১)+(১+১)+৬=১০